

“একই স্মারক ও তারিখের হ্রাসভিত্তিক হবে”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

মহাখালী, ঢাকা- ১২১২।

www.dgme.gov.bd

নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩৩.০০১.২০২৩-৪৯২


তারিখ: ৩১ জানুয়ারী, ২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের সরকারি ও অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশি নাগরিক শিক্ষার্থী যারা বিদেশী শিক্ষা (O-Level ও A-level বা অন্যান্য সমমান) কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ, তাদের মার্কসীটসমূহ বাংলাদেশের প্রচলিত জিপিএ-তে রূপান্তর করে ‘নম্বর সমতাকরণ সনদপত্র’ (Equivalence Certificate) গ্রহণ করা আবশ্যিক। আসন্ন ২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ও বিডিএস কোর্সসমূহের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে ‘নম্বর সমতাকরণ সনদপত্র’ (Equivalence Certificate) গ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ০১.০২.২০২৩ খ্রি. তারিখ হতে ১৬.০২.২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর চিকিৎসা শিক্ষা শাখায় (স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলায় অবস্থিত ২০৪ নং কক্ষ) নিম্নবর্ণিত নিয়মানুযায়ী আবেদনসহ কাগজপত্রাদি দাখিল করার জন্য অনুরোধ করা হল।

১. এসএসসি/এইচএসসি সমমান O-Level/A-level বা অন্যান্য সমমান পরীক্ষার মূল নম্বর পত্র ও সত্যায়িত ছায়াছবি। উল্লেখ্য যে, নম্বরপত্রসমূহের ছায়াছবি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হতে অবশ্যই সত্যায়িত হতে হবে।
২. জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন পত্র/পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ছায়াছবি।
৩. সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
৪. আবেদনপত্রের সাথে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার। (যার বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে: Bank Account Name : Director, Medical Education, DGME, Mohakhali, Dhaka, Bangladesh. Bank Account Number: 0430020002489, Rupali Bank Ltd. Mohakhali Branch, Dhaka, Bangladesh).
৫. বাংলাদেশী নাগরিক যারা বিদেশ হতে এসএসসি/এইচএসসি সমমান পরীক্ষার উত্তীর্ণ হয়েছেন তাদের এসএসসি/এইচএসসি সমমান পরীক্ষার নম্বর পত্রের ছায়াছবি সমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশে অবস্থিত উক্ত দেশের দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক আবশ্যিকভাবে সত্যায়িত/ভ্যারিফাইড হতে হবে।
৬. আবেদনকারীকে ২০২২ খ্রি. অথবা ২০২১ খ্রি. এইচএসসি সমমান A-level বা অন্যান্য সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং তার এইচএসসি এর সমমান A-level বা অন্যান্য সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০২ (দুই) শিক্ষাবর্ষের মধ্যে এসএসসি এর সমমান O-Level বা অন্যান্য সমমান পরীক্ষায় কৃতকার্য হতে হবে।
৭. ‘মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৩’ অনুযায়ী নম্বর সমতাকরণ সনদপত্র (Equivalence Certificate) প্রদান করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।


ডা. মুজিবুল হাযিদ মুহাম্মদ হোসেন

পরিচালক (চিকিৎসা শিক্ষা) (ভারপ্রাপ্ত)

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন : +৮৮০২-৪৮৮১১২০০; e-mail: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক, প্রশাসন)।
২. অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন/চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা-১ ও চিকিৎসা শিক্ষা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. অফিস কপি।

To

The Directorate General of Medical Education
Government of the People's Republic of Bangladesh
DGME, Mohakhali, Dhaka-1212.

Attention: Director (Medical Education)

PHOTO
2 copies

Subject: Application for getting equivalence certificate.

Dear Sir,

The following information is provided to you for getting equivalence certificate from your office. To the best of my knowledge information & attached documents are complete true and correct. I am solely responsible for any fraud information if found later. Any lawful penalty may be imposed upon me along with cancellation of equivalence certificate.

1. Full Name (Sl.No. 1 to 3 in block letters) :
2. Father's Name :
3. Mother's Name :
4. Nationality :
5. Date of birth :
6. Birth Registration No./NID :
7. Equivalence certificate is necessary for : MBBS/BDS
8. Session : (2022-2023)
9. Academic Qualification:

Name of the certificate obtained	Year	Name of the Institute/board/university
"O" Level/		
"A" Level/		

Sincerely yours,

Signature :
Full Name :
Date :
Cell Phone:
Email address :
Bank pay order/demand draft number:
My full Contact present address:
Name & full address of my contact person in case of emergency